বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ০৫/২০২৬ জে, তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: বিচার বিভাগীয় কর্মকর্তাগণের কর্মস্থলে যথাযথ উপস্থিতি নিশ্চিতকরণ, কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ না করা এবং বিচারিক কর্মঘন্টার পূর্ণ ও কার্যকর ব্যবহার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সময়মত অফিসে উপস্থিত হওয়াসহ এজলাস সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে বিচারকার্য পরিচালনা করা এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিত অধস্তন আদালতের বিচারকদের কর্মস্থল ত্যাগ না করার বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন সময়ে অত্র কোর্ট কর্তৃক সার্কুলার জারি করা হয়েছে।

২। উক্ত বিষয়ে সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, বিভিন্ন জেলার জেলা ও দায়রা জজ/জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা ও দায়রা জজসহ অধস্তন আদালতের অনেক বিচার বিভাগীয় কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করছেন। অনেকে সপ্তাহের বিভিন্ন কার্যদিবসে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নির্ধারিত সময়ের পূর্বে একাধিকবার কর্মস্থল ত্যাগ করছেন। এছাড়া, অনেক বিচার বিভাগীয় কর্মকর্তা নির্ধারিত সময়ে এজলাসে বিচারিক কার্যক্রম শুরু করছেন না। কোনো কোনো ক্ষেত্রে এজলাসের নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই বিচারিক কার্যক্রম সমাপ্ত করছেন। ফলে বিচারপ্রার্থী জনগণের বিচারপ্রাপ্তি বিঘ্নিত হওয়ার পাশাপাশি বিচারিক কার্যক্রমের স্বাভাবিক গতি ও শৃঙ্খলা ব্যাহত হচ্ছে। বিচারপ্রার্থী জনগণের ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিতকরণ, মামলাজট নিরসন এবং বিচারিক কার্যক্রমে কাঙ্ক্ষিত গতিশীলতা আনয়নের লক্ষ্যে নির্ধারিত কর্মঘন্টার যথাযথ ও কার্যকর ব্যবহার নিশ্চিত করা একান্ত আবশ্যক।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, বিচার বিভাগের ভাবমূর্তি বজায় রাখা, শৃঙ্খলা রক্ষা ও বিচারপ্রার্থী জনগণের ন্যায়বিচার প্রাপ্তির স্বার্থে অধস্তন আদালতের বিচারকদের কর্মস্থল ত্যাগ এবং অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত সময়সূচী মোতাবেক বিচারিক কর্মঘন্টার পূর্ণ ও কার্যকর ব্যবহার সংক্রান্ত ইতোপূর্বে অত্র কোর্টের জারীকৃত সার্কুলারসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতঃ সকল বিচার বিভাগীয় কর্মকর্তাগণ যাতে:

(ক) প্রতি কর্মদিবসে যথাসময়ে নিজ নিজ কর্মস্থলে উপস্থিত থাকেন ও যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো বিচার বিভাগীয় কর্মকর্তা কর্মদিবসে নিজ কর্মস্থল ত্যাগ না করেন এবং সপ্তাহান্তে পরবর্তী কার্যদিবসে কর্মস্থলে যোগদানে বিলম্ব না করেন;

(খ) কর্ম দিবসে নির্ধারিত সময় অনুযায়ী বিচারিক কার্যক্রম শুরু করাসহ এজলাস সময়ের পূর্ণ সদ্ব্যবহার নিশ্চিত করেন এবং কোনো যৌক্তিক কারণ ব্যতিত নির্ধারিত সময়ের পূর্বে এজলাসের বিচারিক কার্যক্রম সমাপ্ত না করেন তৎমর্মে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

৪। বর্ণিত নির্দেশনা অমান্য বা লঙ্ঘনের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার দায়িত্ব পালনে অবহেলা বা অসদাচরণ (Misconduct) হিসেবে বিবেচিত হবে এবং প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারিকৃত এ সংক্রান্ত অন্যান্য সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারিকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে অত্র সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে অত্র সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(মোঃ হেমায়েত উদ্দিন)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১জে-০৫/২০১৫(অংশ-৩)-১০৬৩৬ জে, তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিজ্ঞ রেজিস্ট্রার/বিজ্ঞ রেজিস্ট্রার(বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৩. জেলা ও দায়রা জজ,.....(সকল)।
৪. মহানগর দায়রা জজ, ... (সকল)।
৫. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ...(সকল)।
৬. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ... (সকল)।
৭. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,..... (সকল)।
৮. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,..... (সকল)।
৯. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,..... (সকল)।
১০. বিচারক (জেলা জজ), শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল,..... (সকল)।
১১. বিচারক (জেলা জজ), পারিবারিক আপীল আদালত,..... (সকল)।
১২. বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল,..... (সকল)।
১৩. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৪. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,..... (সকল)।
১৫. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ... (সকল)।
১৭. স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত .....(সকল)।
১৮. বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ... (সকল)।
১৯. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ... (সকল)।
২০. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২১. সদস্য (অতিরিক্ত জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,..... (সকল)।
২২. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২৩. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৪. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৫. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৬. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৭. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৮. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৯. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৩০. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩২. মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩৩. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪. মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৫. যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৬. যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৭. আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৯. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪০. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৪১. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪২. অতিরিক্ত রেজিস্ট্রার.....(সকল), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৩. সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৪. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.....(সকল)।
৪৬. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.....(সকল)।
৪৭. ডেপুটি রেজিস্ট্রার.....(সকল), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮. আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৫০. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা (চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৫১. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫২. গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
৫৩. রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৫৪. মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫৫. সহকারী রেজিস্ট্রার.....(সকল), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫৬. মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

প্রযোজ্য

ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত

সকল বিচার বিভাগীয়

৫৭. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি..... (সকল)।
৫৮. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫৯. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬০. অফিস কপি।

(খোকন হোসেন) ২৩.১১.২০২৬
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)
ফোন: ০২২২৩৩৮১৮৬৫